গাছ লাগান

পরিবেশ বাঁচান

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ১নং ঘোষপুরইউনিয়নপরিষদ কার্যালয়

ডাকঘর ঃ খামারপাড়া, উপজেলা ঃ বোয়ালমারী,জেলাঃফরিদপুর ।

স্মারক নং ঘোষ:/ইউপি- /২০২৩ /

তারিখ ঃ ১১/০৯/২০২৩খ্রি:

## ইউনিয়ন মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার স্থান ঃ ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ ঃ ১০-০৯-২০২৩খ্রিঃ রোজ রবি বার ।

সময় ঃ সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর ঃ

| ক্রমিকনং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ইমরান হোসেন | ইউ.পি চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | জনাব সাবিনা বেগম | স:ম: সদস্য - ০১ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোছাঃ ফেরদৌসি খানম | স:ম: সদস্য - ০২ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোছা: আয়শা বেগম | স:ম: সদস্য - ০৩ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | জনাব ফুল মিয়া | সদস্য ০১ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ ফিরোজ মোল্যা | সদস্য ০২ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| 7. | জনাব মোঃ সেলিম হোসেন | সদস্য ০৩ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ কামরুল ইসলাম | সদস্য ০৪ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান | সদস্য ০৫ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১০. | জনাব নান্নু মিয়া | সদস্য ০৬ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সদস্য ০৭ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১২. | জনাব মোঃ সামচুজ্জামান | সদস্য ০৮ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব তপন কুমার সরকার | সদস্য ০৯ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |

সভাপতিত্ব করেনঃ জনাব মোহাম্মদ ইমরান হোসেন, চেয়ারম্যান, ঘোষপুর ইউনিয়ন পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।

আলোচ্যসূচীঃ

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

২। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য হাট বাজার ইজারা লব্ধ ৪৬% এবং ৫% ৯৮,৬২০ টাকার বরাদ্দের বিপরীতে প্রকল্প ও বাস্তবায়ন নিয়ে আলোচনা।

৩। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ভূমি হস্তান্তর কর ১% ১,০১,০৯০/- টাকার বরাদ্দের বিপরীতে প্রকল্প ও বাস্তবায়ন নিয়ে আলোচনা।

৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বসতবাড়ীর হোল্ডিং ট্রাক্স আদায় কৃত টাকা নিয়ে আলোচনা।

৫। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃত্বভাতা আগষ্ট/২০২৩ মাসের মাতৃত্ব ভাতা সম্পর্কে ব্যপক আলোচনা।

৬। বিবিধ

আলোচনা ওসিদ্ধান্তঃ

১। অদ্যকার সভার সভাপতি মহদোয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এর বিরুদ্ধে কোন প্রকার ওজর আপত্তি না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবগত করার যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলা ১৪৩০ সনের হাট বাজার ইজারা লব্ধ ৪৬% ও ৫% ৯৮,৬২০/-টাকার প্রকল্প ও বাস্তবায়ন সম্পর্কে ব্যপক আলোচনাকরা হয়। সভাপতি সাহেব বলেন উক্ত টাকা দিয়ে ৩নং ওয়ার্ডের খামারপাড়া খালের ব্রীজ হতে ইশতিয়াক খাঁর বাড়ী অভিমুখে মাটির রাস্তা পুন: নির্মান করা প্রয়োজন এ বিষয়ে সিদ্ধান্ত নিতে তিনি সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলাপ-আলআচনার পর নিম্মরুপ ভাবে কাজ বাস্তবায়নের জন্য স্থীর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সমর্থনে গৃহীত হয়।

৩। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবগত করার যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ভূমি হস্তান্তর কর ১% ১,০১,০৯০/-টাকার প্রকল্প ও বাস্তবায়ন সম্পর্কে ব্যপক আলোচনাকরা হয়। সভাপতি সাহেব বলেন উক্ত টাকা দিয়ে ৩নং ওয়ার্ডের খামারপাড়া হাফিজারের বাড়ী হতে আতিয়ারের বাড়ী অভিমুখে মাটির রাস্তা পুন: নির্মান করা প্রয়োজন এ বিষয়ে সিদ্ধান্ত নিতে তিনি সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলাপ-আলাপআলোচনার পর নিম্মরুপ ভাবে কাজ বাস্তবায়নের জন্য স্থীর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সমর্থনে গৃহীত হয়।

৪। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবগত করার যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বসতবাড়ীর হোল্ডিং ট্যাক্স আদায়কৃত টাকা সম্পর্কে ব্যপক আলোচনাকরা হয়। সভাপতি সাহেব বলেন আদায়কৃত টাকা দিয়ে সকল ইউপি সদস্যর তিন মাসের সম্মানী ভাতা ১,৫৮,৪০০/- টাকা দেওয়া যেতে পারে এবং ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ জিয়াউর রহমান বলেন চেয়ারম্যান সাহেবের তিন মাসের সম্মানী ১৬,৫০০/- টাকা দেওয়া ব্যাপারে সুপারিশ করছি এবং সভাপতি সাহেব বলেন উক্ত টাকার মধ্যে ১,১১,৬৬৪/- টাকা দিয়ে ৩নং ওয়ার্ডের দেওগাছা কালামের বাড়ী হতে বাবলুর বাড়ী অভিমুখে মাটির রাস্তা পুন: নির্মান করা প্রয়োজন এ বিষয়ে সিদ্ধান্ত নিতে তিনি সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্মরুপ ভাবে কাজ ইউপি অংশের সম্মানী ভাতা ১,৭৪,৯০০/- টাকা প্রদানের জন্য এবং ৩নং ওয়ার্ডের দেওগাছা কালামের বাড়ী হতে বাবলুর বাড়ী অভিমুখে মাটির রাস্তা পুন: নির্মান স্থীর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সমর্থনে গৃহীত হয়।

৫। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃত্বভাতা সেপ্টেম্বর/২০২৩ মাসের জন্য উপকার ভোগী নির্বাচন করা প্রয়োজন। এই ব্যাপারে সভাপতি সাহেব বলেন প্রতি মাসের ন্যায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মাত্র ছয়টি মাতৃত্ব ভাতা আমাদের ইউনিয়ন হতে তালিকা উপজেলায় অনুমোদনের জন্য দিতে পারব। তিনি উপস্থিত সকল সদস্যকে অবগত করেন যে, আপনারা প্রত্যেক ওয়ার্ড হতে দুঃস্থ ও অসহায় লোককে নির্বাচন করবেন এবং যে সমস্ত মহিলা সেপ্টেম্বর/২০২৩ মাসে গর্ভকাল চার মাস হতে ছয় মাস তাদের নির্বাচন করার জন্য অনুরোধ করেন তিনি আরও বলেন বয়সসীমা ২০ থেকে ৩৫ বছর পয়র্ন্ত হতে হবে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে গর্ভকালীন সেবা (ANC) কার্ড থাকতে হবে, এই ভাতা ১ম ও ২য় সন্তানের ক্ষেত্রে পাবে এবং শুধু মাত্র ঘোষপুর ইউপির জনগন এই সুবিধা পাবেন। সভাপতি সাহেব বলেন প্রতি মাসে ৬টি আবেদন চুড়ান্ত ভাবে যাচাই বাচাই প্রক্রিয়া সম্পূন করে উপজেলায় ২২/০৯/২০২৩ইং তারিখের মধ্যে স্বশরীরে আবেদনকারী আবেদন নিয়ে যেতে হবে । এ ব্যাপারে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতিক্রমে সিধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলাপ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ ইমরান হোসেন)
চেয়ারম্যান
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ

১। উপ পরিচালক স্থানীয় সরকার,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী,ফরিদপুর।
৩। জনাব সদস্য, **মাসিক সভা** কমিটি (সকল)।
৪। নোটিশ বোর্ড।
৫। অফিস নথি।

(মোহাম্মাদ রিবুল হোসেন)
সচিব
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।